# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮১১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো সকল উপায়-উপকরণে ও সদা সর্বদা আল্লাহর যিকর করা

## ذكر الاستحباب لِلْمَرْءِ دَوَامَ ذِكْرِ اللَّهِ جَلَّ وَعَلَا فِي الأوقات والأسباب

আরবী

811 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ أَنَّ عَمْرَو بْنَ قَيْسٍ الكنذي حَدَّثَهُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ قَالَ: جَاءَ أَعْرَابِيَّانِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَحَدُهُمَا: يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي بِأَمْرٍ أتشبَّث بِهِ قَالَ: (لَا يَزَالُ لِسَانُكَ رطباً من ذكر الله)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ|المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 811 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮১১. আব্দুল্লাহ বিন বুসর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “দুইজন বেদুঈন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট আসলেন অতঃপর তাদের একজন বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে একটি বিষয় সম্পর্কে জানিয়ে দিন যা আমি মজবুতভাবে গ্রহণ করবো।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আল্লাহর যিকরে তোমার জবান যেন সবসময় সতেজ থাকে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৯০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩০১; তিরমিযী: ৩৩৭৫; ইবনু মাজাহ: ৩৭৯৩; হাকিম: ১/৪৯৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকুর রাগীব: ২/২২৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89314

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন